ফরেন এক্সচেঞ্জ পলিসি ডিপার্টমেন্ট-১
বাংলাদেশ ব্যাংক
প্রধান কার্যালয়
ঢাকা
www.bb.org.bd

এফইপিডি-১ সার্কুলার পত্র নম্বর: ২৩

তারিখ: অগ্রহায়ণ ৯, ১৪৩৩ / নভেম্বর ২৪, ২০২৬

বৈদেশিক মুদ্রায় লেনদেনে নিয়োজিত
সকল অনুমোদিত ডিলার ব্যাংকের
প্রধান কার্যালয়/প্রিন্সিপাল অফিস।

কাপড়ের তৈরি খেলনা (ইনফেন্ট সফট টয়েজ) এবং Tents (তাঁবু) রপ্তানিতে রপ্তানি প্রণোদনা/নগদ সহায়তা প্রসঙ্গে।

প্রিয় মহোদয়,

শিরোনামোক্ত বিষয়ে এফইপিডি-১ সার্কুলার নম্বর ১৭, তারিখ: জুলাই ০৫, ২০২৬ ও এফইপিডি-১ সার্কুলার নম্বর ১৯, তারিখ: জুলাই ১২, ২০২৬ এর প্রতি আপনাদের দৃষ্টি আকর্ষণ করা হলো।

০২। সরকারি সিদ্ধান্তক্রমে এ মর্মে স্পষ্ট করা যাচ্ছে যে, বস্ত্রজাত সামগ্রী বিবেচনায় কাপড়ের তৈরি খেলনা (ইনফেন্ট সফট টয়েজ) এবং Tents (তাঁবু) রপ্তানির বিপরীতে উপরোল্লিখিত এফইপিডি-১ সার্কুলার নম্বর ১৭/২০২৬ সংযুক্ত 'পরিশিষ্ট-ক'-এ উল্লিখিত ছকের ১, ২ ও ৫ নং ক্রমিকে বর্ণিত নগদ সহায়তা প্রযোজ্য হবে। এক্ষেত্রে আলোচ্য পণ্য রপ্তানির বিপরীতে প্রযোজ্য নগদ সহায়তা সংক্রান্ত সার্কুলারগুলোর বিদ্যমান নির্দেশনাসহ বিশেষায়িত অঞ্চলে অবস্থিত প্রতিষ্ঠানের অনুকূলে নগদ সহায়তা পরিশোধ সংশ্লিষ্ট এফই সার্কুলার নম্বর ৩৪, তারিখ নভেম্বর ১০, ২০২১-এর নির্দেশনা পরিপালন নিশ্চিত করতে হবে।

০৩। রপ্তানি প্রণোদনা/নগদ সহায়তা প্রদানের ক্ষেত্রে প্রযোজ্য শর্তসহ সকল এফই সার্কুলার/সার্কুলার পত্রের নির্দেশনা যথারীতি কার্যকর থাকবে। সংশ্লিষ্ট সকল পক্ষকে বিষয়টি অবহিত করার জন্য নির্দেশনা দেওয়া হলো।

আপনাদের বিশ্বস্ত,

(নাসিমা সুলতানা)
পরিচালক (এফইপিডি-১)
ফোন : ৯৫৩০১২৩